



ময়মনসিংহ ২৬ ডিসেম্বর ২০২৩: জেলা তথ্য অফিস, ময়মনসিংহের আয়োজনে আজ মনতলা উচ্চ বিদ্যালয়, মুক্তাগাছা, ময়মনসিংহে "এসো মুক্তিযুদ্ধের গল্প শুনি" অনুষ্ঠান বাস্তবায়ন করা হয়। অনুষ্ঠানে মুক্তিযুদ্ধের গল্প বলেন- বীর মুক্তিযোদ্ধা জনাব আবুল কাশেম, সাবেক কমান্ডার; বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ নায়েব আলী; বীর মুক্তিযোদ্ধা মোঃ ইদ্রিস আলী, সেকশন কমান্ডার; বীর মুক্তিযোদ্ধা হোরমুজ আলী, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, মুক্তাগাছা, ময়মনসিংহ। অনুষ্ঠান শেষে কুইজ বিজয়ী ছাত্র-ছাত্রীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।